6th SM

একালের কবিতা সংকলন

রবীন্দ্রনাথের প্রতি' কবিতাটির বিষয়বস্তু নিজের ভাষায় ঃ-> / মানবতাবাদী কবি সার্বভৌম রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা সম্পর্কে কবি বুদ্ধদেব বসুর বিবরণ সম্যক আলোচনা দাও ঃ->

উঃ-> আধুনিক বাংলা কবিতার বিশিষ্ট কবি ও গদ্য সমালোচক কবি বুদ্ধদেব বসু। কবির রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা থেকে এই কবিতার সৃষ্টি। ১৯৪২ সালের ৮ই মে রবীন্দ্রনাথের তিরোধানের পরবর্তী প্রথম রবীন্দ্র জন্মদিবসে বিশ্বকবির আদর্শ ও মানবপ্রেমের প্রতি কবি বুদ্ধদেব শ্রদ্ধার্ঘ্য জানিয়েছেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় সাম্রাজ্যবাদীর আগ্রাসনের মধ্যে মানবিকতা ও সাম্রাজ্যবাদীর আস্থার জয় স্মরণ করেছেন চিরযুগের কবি বুদ্ধদেব বসু কবি রবীন্দ্রনাথকে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রথমদিকে ফ্যাসিস্ট শক্তির অভ্যুত্থানে সমগ্র পৃথিবীতে দেখা দিয়েছিল করালগ্রাসের ছায়া, হিংসার লেলিহান শিখা। সেদিন মানুষের শুভবুদ্ধি ও মানবচেতনায় ঘোর নেমেছিল। পৃথিবীর শুভবুদ্ধিসম্পন্ন মানুষমাত্রই হয়ে উঠেছিল আতঙ্কগ্রস্ত। ভারতবর্ষের মানচিত্রও পেয়েছিল সেই ফ্যাসিস্ট বর্বর শক্তির আক্রমণের ছায়া, ভারতের স্নিগ্ধ শান্ত পরিবেশও আজ বর্বর রাক্ষসের হুঙ্কার লোভের মদমত্ত পদানত। নিঃস্বতা, ভারতের শান্তিময় মানুষের মনও স্নান গ্রাস করতে উদ্যত সেই রক্তলোভী। এই সময় বুদ্ধদেব বসু রবীন্দ্রনাথের মানবতার শাশ্বত বাণী ও অভয় মন্ত্রের কথা স্মরণ করেছেন, রবীন্দ্রনাথের বাণী অভয় মন্ত্রে প্রেরণা দেবে।